তারিখ ...09 APR 1991 ...
পৃষ্ঠা... ... কলাম... ...

# দৈনিক ইনকিলাব

## শিক্ষাঙ্গন

### বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ

দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়। উচ্চ শিক্ষার দ্বার উন্মুক্ত রাখে বিশ্ববিদ্যালয়ে। তাই বিশ্ববিদ্যালয়ের মর্যাদা প্রতিটি দেশে উর্ধ্বে রাখা হয়। এটা স্বীকার্য যে, একজন ছাত্র প্রকৃতপক্ষে বিশ্ববিদ্যালয়ে প্রবেশের মাধ্যমে জ্ঞানের নতুন দিগন্ত খুঁজে পায়। বাস্তবতার নিরীখে জ্ঞানের আঙ্গিনাকে অনেক বেশী সম্প্রসারিত করতে পারে। তাই প্রতি বছর হাজার হাজার ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদনপত্র জমা দেয়।

উচ্চ শিক্ষার জন্য ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয়ে প্রবেশ। অতএব দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ হিসেবে সেখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ সর্বদা বজায় থাকবে— এটা আমাদের স্বাভাবিক প্রত্যাশা, তবে আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার পরিবেশগত মান সর্বদা আশাব্যঞ্জক থাকে কি-না তা নিঃসন্দোহে বলা বেশ কষ্টকর।

বিশ্ববিদ্যালয় যেহেতু দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ, সে কারণে এই বিদ্যাপীঠের শিক্ষার পরিবেশ, সুন্দর, উপযোগী এবং নির্বিঘ্ন রাখার ব্যাপারে সবার সচেতনতা জরুরী।

শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার ব্যাপারে ছাত্র-ছাত্রীদের আন্তরিক সহযোগিতা যদি সার্বিক সহযোগিতার সাথে যুক্ত হয়, তবে নিরাশার কারণ নেই। এগিয়ে আসতে হবে সংশ্লিষ্ট সবাইকে। যে কোন শিক্ষা প্রতিষ্ঠানেরই শিক্ষার যথোপযুক্ত পরিবেশ সৃষ্টি করা নির্ভর করে সংশ্লিষ্ট সবার প্রতি। ছাত্র, শিক্ষক, অভিভাবক— যে যেই ভূমিকায় থাকুন না কেন প্রত্যেকেই যদি স্ব সবপ্রচেষ্টা গ্রহণ করেন তবে মনে হয় শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা কঠিন হবে না। বিশেষ করে বিশ্ববিদ্যালয়গুলোর ক্ষেত্রে এ উদ্যোগ থাকা একান্ত প্রয়োজন। কারণ, উচ্চ শিক্ষার পথে প্রতিবন্ধকতা থাকলে উচ্চ শিক্ষিতের হার বৃদ্ধির ব্যাপারটি অবধারিতভাবে পিছিয়ে পড়ে।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার যথার্থ পরিবেশ বিরাজিত থাকুক এই প্রত্যাশা সবার— প্রকৃত ছাত্র-ছাত্রী, দায়িত্বশীল অভিভাবকবৃন্দ এবং শ্রদ্ধেয় শিক্ষক শিক্ষিকাবৃন্দের। অতএব স্ব স্ব সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ এ ব্যাপারে দৃষ্টি দিবেন বলে আশা করি। —ফাহীম নাজ স্বর্ণা